106

দৈনিক ইত্তেফাক

তারিখ FEB 23 1999
পৃষ্ঠা ১২ কলাম ৪

# বিশ্ববিদ্যালয় ছাত্রীর আত্মহত্যা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ত্রিভুজ প্রেমের হৃদয় বিদারক পরিণতিতে গত শনিবার রাত ৩ টায় জহরাত আরা বেগম শাহানা নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী তৃতীয় বর্ষের একজন ছাত্রী বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের ৫ তলার ছাদ হইতে নীচে পড়িয়া আত্মহত্যা করিয়াছে। তাহার গ্রামের বাড়ী মুন্সিগঞ্জের টঙ্গীবাড়ী। পিতা হাফিজুর রহমান। মেধাবী শাহানা এইচএসসি পরীক্ষায় ঢাকা বোর্ড হইতে ১৩তম স্থান লাভ করিয়াছিল। জানা যায়, শাওন এবং জামিল নামে দুই তরুণের সহিত শাহানার প্রেম চলিতেছিল। জামিল তাহার বাল্যবন্ধু। শাওনের সহিত প্রেম হয় পরে। শাওন বর্তমানে এশিয়ান ইউনিভার্সিটির এমবিএর ছাত্র। আত্মহত্যাকালে শাহানার কাছে যে চিরকুট পাওয়া গিয়াছে তাহাতে লেখা ছিল ঃ 'মৃত্যুর জন্য কেহ দায়ী নহে'। 'সে লিখিয়াছে কাহারও দীর্ঘশ্বাস আমি সহ্য করিতে পারিব না।' শাহানা মৈত্রী হলের ১১৫ নম্বর কক্ষের ছাত্রী ছিল। হল সূত্রে জানা যায়, শনিবার রাতে শাহানা সাজিয়া গুজিয়া ছাদে উঠে। রাত ৩টার দিকে অকস্মাৎ 'ধপ' করিয়া শব্দ হইলে হলের নাইট গার্ডরা গিয়া দেখিতে পায় যে, শাহানার নিথর দেহ পড়িয়া আছে। তাহারা আবাসিক শিক্ষিকা এবং প্রভোষ্টকে খবর দিলে তাহারা পুলিশকে খবর দেয়। পুলিশ শাহানার দেহ ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিলে কর্তব্যরত ডাক্তাররা মৃত ঘোষণা করেন।

এদিকে একুশে ফেব্রুয়ারীর সকালে শাহানার দুই বন্ধু শাওন এবং জামিল হলে তাহার সহিত দেখা করিতে গিয়া মৃত্যুর সংবাদ পায়। হল কর্তৃপক্ষ শাওন ও জামিলকে জিজ্ঞাসাবাদ করে।